

■■ সহীহ বুখারী (ইসলামিক ফাউন্ডেশন)

হাদিস নাম্বারঃ ৪৪ [আন্তর্জাতিক নাম্বারঃ ৪৬]

২/ ঈমান (کتاب الإيمان)

পরিচ্ছেদঃ ৩৪/ যাকাত ইসলামের অঙ্গ।

باب الزَّكَاةُ مِنَ الإِسْلاَم

আরবী

حَدَّثَنَا إِسْمَاعِيلُ، قَالَ حَدَّثِنِي مَالِكُ بْنُ أَنسٍ، عَنْ عَمِّهِ أَبِي سُهَيْلِ بْنِ مَالِكِ، عَنْ أَبِيهِ، أَنَّهُ سَمِعَ طَلْحَةَ بْنَ عُبَيْدِ اللَّهِ، يَقُولُ جَاءَ رَجُلُ إِلَى رَسُولِ اللَّهِ صلى الله عليه وسلم مِنْ أَهْلِ نَجْد، ثَائِرُ الرَّأْسِ، يُسْمَعُ دَوِيُّ صَوْتِهِ، وَلاَ يُفْقَهُ مَا يَقُولُ حَتَّى دَنَا، فَإِذَا هُو يَسْأَلُ عَنِ الْإِسْلاَمِ فَقَالَ رَسُولُ اللَّهِ عليه وسلم " خَمْسُ صَلَوَاتٍ فِي الْيُومِ وَاللَّيْلَةِ ". الْإِسْلاَمِ فَقَالَ رَسُولُ اللَّهِ صلى الله عليه وسلم " فَمْسُ صَلَوَاتٍ فِي الْيُومِ وَاللَّيْلَةِ ". فَقَالَ هَلْ عَلَى عَيْرُهَا قَالَ " لاَ، إِلاَّ أَنْ تَطَوَّعَ ". قَالَ وَذَكَرَ لَهُ رَسُولُ اللّهِ عليه وسلم " وَصِيّامُ رَمَضَانَ ". قَالَ هَلْ عَلَى عَيْرُهُ قَالَ " لاَ، إِلاَّ أَنْ تَطَوَّعَ ". قَالَ وَذَكَرَ لَهُ رَسُولُ اللّهِ صلى الله عليه وسلم الزَّكَاةَ. قَالَ هَلْ عَلَى عَيْرُهُا قَالَ " لاَ، إِلاَّ أَنْ تَطَوَّعَ ". قَالَ وَذَكَرَ لَهُ رَسُولُ اللّهِ صلى الله عليه وسلم الزَّكَاة. قَالَ هَلْ عَلَى هَذَا وَلاَ أَنْقُصُ. قَالَ رَسُولُ اللّهِ صلى الله عليه وسلم " أَفْلَحَ إِنْ صَدَقَ ".

বাংলা

আল্লাহ্ তা'আলার বাণীঃ তাঁরা তো আদিষ্ট হয়েছিল আল্লাহর অনুগত্য বিশুদ্ধচিত্ত হয়ে একনিষ্ঠভাবে তাঁর ইবাদত করতে এবং সালাত কায়েম করতে, যাকাত দিতে। আর এ-ই সঠিক দ্বীন (৯৮°ঃ ৫)

88। ইসমা'ঈল (রহঃ) ... তালহা ইবনু উবায়দুল্লাহ্ (রাঃ) থেকে বর্ণিত, তিনি বলেন, নাজ্দবাসী এক ব্যাক্তি রাসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম এর কাছে এলো। তার মাথার চুল ছিল এলোমেলো। আমরা তার কথার মৃদু আওয়াজ শুনতে পাচ্ছিলাম, কিন্তু সে কি বলছিল, আমরা তা বুঝতে পারছিলাম না। এভাবে সে কাছে এসে ইসলাম সম্পর্কে প্রশ্ন করতে লাগল। রাসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম বললেনঃ দিন-রাতে পাঁচ ওয়াক্ত সালাত (নামায/নামাজ)। সে বলল, 'আমার উপর এ ছাড়া আরো সালাত (নামায/নামাজ) আছে?' তিনি বললেনঃ 'না,



তবে নফল আদায় করতে পার। রাসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম বললেনঃ আর রমযানের সিয়াম। সে বলল, 'আমার উপর এ ছাড়া আরো সাওম (রোযা/রোজা/সিয়াম/ছিয়াম) আছে? তিনি বললেনঃ না, তবে নফল আদায় করতে পার। বর্ণনাকারী বলেন, রাসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম তার কাছে যাকাতের কথা বললেন। সে বলল, 'আমার ওপর এ ছাড়া আরো দেয় আছে? তিনি বললেনঃ না, তবে নফল হিসেবে দিতে পার। বর্ণনাকারী বলেন, সে ব্যাক্তি এই বলে চলে গেলেন, 'আল্লাহর কসম! আমি এর চেয়ে বেশিও করব না এবং কমও করব না। তখন রাসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম বললেনঃ সে সফলকাম হবে যদি সত্য বলে থাকে।

English

To pay Zakat is a part of Islam

Narrated Talha bin 'Ubaidullah: A man from Najd with unkempt hair came to Allah's Messenger (sallallahu 'alaihi wa sallam) and we heard his loud voice but could not understand what he was saying, till he came near and then we came to know that he was asking about Islam. Allah's Messenger (sallallahu 'alaihi wa sallam) said, "You have to offer prayers perfectly five times in a day and night (24 hours)." The man asked, "Is there any more (praying)?" Allah's Messenger (sallallahu 'alaihi wa sallam) replied, "No, but if you want to offer the Nawafil prayers (you can)." Allah's Messenger (sallallahu 'alaihi wa sallam) further said to him: "You have to observe fasts during the month of Ramadan." The man asked, "Is there any more fasting?" Allah's Messenger (sallallahu 'alaihi wa sallam) replied, "No, but if you want to observe the Nawafil fasts (you can.)" Then Allah's Messenger (sallallahu 'alaihi wa sallam) further said to him, "You have to pay the Zakat (obligatory charity)." The man asked, "Is there any thing other than the Zakat for me to pay?" Allah's Messenger (sallallahu 'alaihi wa sallam) replied, "No, unless you want to give alms of your own." And then that man retreated saying, "By Allah! I will neither do less nor more than this." Allah's Messenger (sallallahu 'alaihi wa sallam) said, "If what he said is true, then he will be successful (i.e. he will be granted Paradise)."

হাদিসের মান: সহিহ (Sahih) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ ইসলামিক ফাউন্ডেশন 🛘 বর্ণনাকারীঃ তালহা ইবনু উবায়দুল্লাহ্ (রাঃ)

🚨 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন